

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৯ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৬ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৯ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-৪৫/২০২৬

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর
সংশোধনকল্পে আনীত

বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন,
২০১৮ (২০১৮ সনের ১৪নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন
ইনস্টিটিউট (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৭ আগস্ট, ২০২৪ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০১৮ সনের ১৪নং আইনের ধারা ১ এর সংশোধন।—শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন
ইনস্টিটিউট আইন, ২০১৮(২০১৮ সনের ১৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর
ধারা ১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ হাসিনা” শব্দগুলি বিলুপ্ত হইবে।

(১৪৭০৩)

মূল্য: টাকা ৪.০০

৩। ২০১৮ সনের ১৪নং আইনের ধারা ২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২ এর দফা (১) এ উল্লিখিত “শেখ হাসিনা” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ২০১৮ সনের ১৪নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (Sheikh Hasina National Institute of Youth Development)” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (National Institute of Youth Development)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৫। বিশেষ বিধান।—এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি বা প্রবিধান, ইস্যুকৃত কোনো আদেশ বা বিজ্ঞপ্তি বা সম্পাদিত যে কোনো দলিলে উল্লিখিত “শেখ হাসিনা” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। রহিতকরণ ও হেফাজত।—(১) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সনের ০৬ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীনকৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন করা এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকাণ্ডে যুবদের নিয়োজিতকরণের নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং এতদসংক্রান্ত আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনা করার উদ্দেশ্যে একটি কেন্দ্রীয় ও আধুনিক মানসম্পন্ন ইনস্টিটিউট প্রতিষ্ঠাকল্পে গত ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ রাষ্ট্রপতির সম্মতিক্রমে ২০১৮ সনের ১৪নং আইন অনুযায়ী “শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮” প্রণয়ন করা হয়।

০২। প্রতিষ্ঠানটির নামের ক্ষেত্রে ব্যক্তির নাম বিলুপ্ত করা হলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এর গ্রহণযোগ্যতা এবং মর্যাদা বৃদ্ধি পাবে। এলক্ষ্যে উক্ত আইনের যেসকল স্থানে ব্যক্তির নাম হিসেবে “শেখ হাসিনা” শব্দটি ব্যবহার করা হয়েছে সেসকল স্থান খেখে “শেখ হাসিনা” শব্দটি বিলুপ্ত করে প্রতিষ্ঠানটির নাম জাতীয় যুবউন্নয়ন ইনস্টিটিউট করার লক্ষ্যে ‘শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪’ জারি করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানটি বর্তমানে “জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট” হিসেবে নামকরণ করা হয়েছে।

০৩। ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ১ম দিন ১২ মার্চ ২০২৬ তারিখে জাতীয় সংসদে মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় অন্তর্ভুক্তিকালীন মেয়াদে জাতীয় সংসদের গঠিত বিশেষ কমিটি কর্তৃক অধ্যাদেশসমূহ বিল আকারে প্রস্তুত করে সরাসরি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং গ্রহণপূর্বক জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেছে।

সেপ্রেক্ষিতে, প্রতিষ্ঠানটির নাম হতে “শেখ হাসিনা” শব্দটি বিলুপ্ত করে প্রতিষ্ঠানটির নাম জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট করার লক্ষ্যে বিলটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, সরকারের সিদ্ধান্তের আলোকে অধ্যাদেশটি আইনে পরিণত করার নিমিত্ত “শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮” সংশোধনকল্পে “শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন) আইন, ২০২৬”-এর বিল মহান জাতীয় সংসদ উত্থাপন করা হইল।

মোঃ আমিনুল হক

ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।